

স্নাতকোত্তর পাঠ্যক্রম (P.G.)
শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination)

জুন, ২০১৭

Education

পঞ্চম পত্র (5th Paper : Education Technology
and Curriculum Studies)

সময় : চার ঘণ্টা পূর্ণমান : ১০০

Time : 4 hours Full Marks : 100

(মানের গুরুত্ব : ৮০%)

(Weightage of Marks : 80%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।

অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে
নেওয়া হবে। উপাত্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

**Special credit will be given for precise and correct
answer. Marks will be deducted for spelling
mistakes, untidiness and illegible hand writing.
The figures in the margin indicate full marks.**

Module - I

1. যে কোনো একটি প্রশ্নের উত্তর দিন : $১৮ \times ১ = ১৮$

Answer any one question : $18 \times 1 = 18$

ক) নিবিড় শিক্ষণ প্রযুক্তির সংজ্ঞা দিন। শিক্ষা প্রযুক্তিবিজ্ঞানের
ধারণাটি বর্ণনা করুন। এর সঙ্গে নিবিড় শিক্ষণ প্রযুক্তির
পার্থক্য নির্ণয় করুন। $২ + ১০ + ৬$

Define Instructional Technology. Explain
the concept of educational technology.
Differentiate it from instructional
technology. $2 + 10 + 6$

খ) নিবিড় শিক্ষণের ছক বলতে কি বোঝায় ? প্রোগ্রাম শিখন ও
প্রোগ্রাম শিক্ষণের মধ্যে পার্থক্য কী ? নিবিড় শিক্ষণের
উদ্দেশ্যের বৈশিষ্ট্যগুলি কী কী ? সিস্টেম বিশ্লেষণের
উপাদানগুলি উল্লেখ করুন। $৪ + ৩ + ৪ + ৭$

What is instructional design ? What is the
difference between programmed learning
and programmed instruction ? What are
the characteristics of instructional
objectives ? Mention the components of
system analysis. $4 + 3 + 4 + 7$

2. যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন : $১২ \times ২ = ২৪$

Answer any two questions : $12 \times 2 = 24$

ক) চিত্রসহ বিভিন্ন ধরনের প্রোগ্রাম শিক্ষণের বর্ণনা দিন। প্রোগ্রাম
শিক্ষণের সুবিধা ও অসুবিধাগুলি উল্লেখ করুন। $৮ + ৪$

Explain with diagram the different types of
programmed instruction. Mention the
merits and demerits of programmed
instruction. $8 + 4$

খ) যোগাযোগের সংজ্ঞা দিন। 'যোগাযোগের প্রক্রিয়া' ব্যাখ্যা
করুন। শ্রেণীকক্ষে যোগাযোগের প্রতিবন্ধকতাগুলি বর্ণনা
করুন। $২ + ৪ + ৬$

Define communication. Explain the
'communication process'. Describe the
barriers of classroom communications.

$2 + 4 + 6$

গ) যে কোনো একটি শিক্ষণ মডেলের সংক্ষিপ্ত বর্ণনা দিন।
শিক্ষণ মডেলের বিভিন্ন ব্যবহারগুলি উল্লেখ করুন।

শিক্ষণ মডেল ও শিক্ষণ পদ্ধতির মধ্যে যে কোনো তিনটি পার্থক্য লিখুন। ৬ + ৩ + ৩

Explain briefly any one teaching model.
What are the different uses of models of teaching ? Point out any three differences between teaching model and teaching method. 6 + 3 + 3

ঘ) টীকা লিখুন : ৬ + ৬

Write short notes on :

(i) দৃশ্য - শ্রাব্য প্রদীপন

Audio-visual Aids.

(ii) কম্পিউটার আশ্রিত নিবিড় শিক্ষণ।

Computer aided Instruction.

3. প্রত্যেক প্রশ্নে একটি বা দুটি বাক্য ব্যবহার করে যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দিন : ২ × ৪ = ৮

Answer any four questions each within one or two sentences : 2 × 4 = 8

ক) সিস্টেম কাকে বলে ?

What is a system ?

খ) শিক্ষায় প্রযুক্তির দুটি সীমাবদ্ধতা লিখুন।

Give two limitations of technology in education.

গ) প্রথাগত শিক্ষা ও প্রথা বর্হিভূত শিক্ষার মধ্যে একটি পার্থক্য লিখুন।

State one difference between formal and non-formal education.

ঘ) শিক্ষণ প্রদীপনের কিছু উদাহরণ দিন।

Cite some examples of teaching aids.

ঙ) মিথস্ক্রিয়ার সংজ্ঞা দিন।

Define 'interaction'.

চ) বক্তৃতা - প্রতিপাদন শিক্ষণের পদ্ধতির দুটি সুবিধা লিখুন।

State two advantages of lecture-cum-demonstration method of teaching.

ছ) সিস্টেম অ্যাপ্রোচ বলতে কি বোঝায় ?

What is meant by system approach ?

জ) ডাকযোগে শিক্ষা কাকে বলে ?

What is correspondence education ?

Module - II

4. যে কোনো একটি প্রশ্নের উত্তর দিন : ১৮ × ১ = ১৮

Answer any one question : 18 × 1 = 18

ক) সংক্ষিপ্ত টীকা লিখুন :

Write short notes on :

(i) অভিজ্ঞতা - কেন্দ্রিক পাঠক্রমের সুবিধা ও অসুবিধা

৬

Merits and demerits of experience-centred curriculum. 6

- (ii) বিষয়বস্তু নির্বাচনের বৈশিষ্ট্য ৬
Features of content selection. 6
- (iii) পাঠক্রম ও পাঠ্যসূচির মধ্যে পার্থক্য। ৬
Difference between syllabus and curriculum. 6
- খ) শিক্ষায় পাঠক্রমের বিভিন্ন দৃষ্টিভঙ্গিগুলি আলোচনা করুন।
শিক্ষণ-শিখন প্রক্রিয়ায় পাঠক্রমের গুরুত্ব উল্লেখ করুন।
১২ + ৬
- Discuss the different approaches of curriculum in education. Mention the significance of curriculum in the teaching-learning process. 12 + 6
5. যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন : ১২ × ২ = ২৪
Answer any two questions : 12 × 2 = 24
- ক) পাঠক্রমে যে কোনো একটি শিখনের তত্ত্বের প্রভাব আলোচনা করুন। সিস্টেম দৃষ্টিভঙ্গী ও পাঠক্রম নির্মাণের মধ্যে সম্পর্ক লিখুন। ৬ + ৬
- Discuss the influence of any one learning theory on curriculum. Write about the relation between curriculum development process and system approach. 6 + 6

- খ) শিক্ষায় পাঠক্রমের দার্শনিক ও সামাজিক ভিত্তির ব্যাখ্যা দিন।
৬ + ৬
- Explain the philosophical and sociological bases of curriculum in education. 6 + 6
- গ) পাঠক্রম গঠনের স্তরগুলি ব্যাখ্যা করুন। ব্লুমের জ্ঞানবর্গের অন্তর্গত পরিমার্জিত শিক্ষার উদ্দেশ্য সমূহের রূপরেখা বর্ণনা করুন। ৭ + ৫
- Elucidate the steps of curriculum construction. Give an outline of Revised Taxonomy of Educational objectives of Bloom under cognitive domain. 7 + 5
- ঘ) পাঠক্রমে বিষয়বস্তু নির্বাচনের নির্ণায়কের মধ্যে যে কোনো দুটির আলোচনা করুন। 'নির্মিতবাদ' কাকে বলে ? ৯ + ৩
- Discuss any two determinants of content selection in curriculum. What is meant by 'constructivism' ? 9 + 3
6. প্রত্যেক প্রশ্নে একটি বা দুটি বাক্য ব্যবহার করে যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দিন : ২ × ৪ = ৮
- Answer any four questions each within one or two sentences : 2 × 4 = 8
- ক) পাঠক্রমের সংজ্ঞা দিন
Define 'curriculum'.

- খ) 'Construct' বলতে কি বোঝায় ?
What is a 'construct' ?
- গ) পাঠক্রম মূল্যায়নের একটি উদ্দেশ্য লিখুন।
State one purpose of curriculum evaluation.
- ঘ) 'প্রতিপুষ্টি' বলতে কি বোঝায় ?
What is meant by 'feedback' ?
- ঙ) ক্রমিক মূল্যায়নের সংজ্ঞা দিন।
Define formative evaluation.
- চ) সামুদায়িক মূল্যায়নের দুটি ত্রুটি লিখুন।
Give two demerits of summative evaluation.
- ছ) সংযোগবাদ-এর দুটি বৈশিষ্ট্য লিখুন।
State two characteristics of connectionism.
- জ) পাঠক্রম নির্মাণে সংস্কৃতি ও সমাজের ভূমিকা কি ?
What are the roles of culture and society in curriculum development ?
-